



দুর্গাপূজার মণ্ডপ পরিদর্শনে রংপুরের পথে প্রধানমন্ত্রী



ছবি: সংগৃহীত

শারদীয় দুর্গোৎসবের মহানবমী উপলক্ষে পূজামণ্ডপ পরিদর্শন ও বিভিন্ন কর্মসূচিতে অংশ নিতে ঢাকা থেকে রংপুরের উদ্দেশে রওনা হয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার (২০ অক্টোবর) সকাল ৯টায় তেজগাঁও বিমানবন্দর থেকে সামরিক বিমানে যাত্রা করেন তিনি। সকাল ১০টার দিকে সৈয়দপুর বিমানবন্দরে তাঁর পৌঁছানোর কথা রয়েছে। কর্মসূচি অনুযায়ী, রংপুরে রাধা গোবিন্দ মন্দিরের ধর্মসভা ও পূজামণ্ডপ পরিদর্শন করবেন প্রধানমন্ত্রী। এরপর দুপুর সাড়ে ১২টায় সৈয়দপুর থেকে রাজশাহীর উদ্দেশে যাত্রা করবেন। বেলা ১টা ১৫ মিনিটে শাহ মখদুম বিমানবন্দরে পৌঁছে ধর্মসভা মন্দিরের পূজামণ্ডপ পরিদর্শন করবেন তিনি। পরে বেলা ২টা ১৫ মিনিটে রাজশাহী সার্কিট হাউজে যাত্রাবিরতি করবেন। বিকেল ৩টায় রাজশাহীর হাজী মুহাম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে জনসভায় যোগ দেবেন প্রধানমন্ত্রী। বিকেল ৪টা ১৫ মিনিটে রাজশাহী থেকে চট্টগ্রামের উদ্দেশে রওনা হবেন তিনি।

বিকেল সাড়ে ৫টায় চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছে জেএম সেন হলের রহমতগঞ্জ পূজামণ্ডপ পরিদর্শন করবেন। সন্ধ্যা ৬টা ৪৫ মিনিটে চট্টগ্রাম সার্কিট হাউজে যাত্রাবিরতির পর রাত ৭টা ৪৫ মিনিটে ঢাকার উদ্দেশে যাত্রা করবেন প্রধানমন্ত্রী। রাত ৯টা ১৫ মিনিটে তাঁর তেজগাঁও বিমানবন্দরে অবতরণের কথা রয়েছে।